একদিন গভীর রাতে তাই নীরবে, নিভৃতে, বাবা দাদাকে তার ঘরে ডেকে নিয়ে সব বুঝিয়ে বলল । তারপর দাদার কাছে জানতে চায় কি করবে? দাদা কিছু বলে না, শুধু বলে তোমার যা ভালো মনে হয় তাই কর । এত চিন্তার কি আছে? বাড়িতে বসত ভিটে আর জমি আছে । ব্যাংকে কিছু পয়সা আছে, আমাদের ঠিক চলে যাবে । অত ভেবোনা বাবা । এই'ত মাস দুয়েক আগের কথা । আমার দু বছরের বেকার দাদার কথা আমার খারাপ লাগে না । একটু বৈচিত্র না এলে জীবনটা পানসে হয়ে যায় । দিদির কিছু আসে যায় না এতে । মা! মায়ের বেশ মন খারাপ হয়েছিল । বাবার সাথে দু চারদিন কথা কাটাকাটিও হয়েছে বোধহয় আমাদের অগোচরে । এই ৯০৪ নম্বর কেবিনে আমার রোজ একই রুটিন । সেই পড়ন্ত বিকেল,সেই চার্লি চ্যাপলিন রোদ, ১৪ তলার দালানটার চোখ ঝলসানো লাল হলুদ ধূসর কারুকাজ । আমি তাকিয়ে থাকি দালানটার দিকে । হঠাৎ একটা পর্দা নেমে আসে । ক্যাফেটেরিয়ায় সুজয়াকে দেখা যায় । দু কাপ কফি নিয়ে আমার টেবিলে এসে বসল । একটি কাপ এগিয়ে দিল আমার দিকে। আমি তাকাইনি ওর দিকে । বললাম,- কিছুক্ষন হল চা খেলাম । জবাব যেন ওর তৈরিই ছিল। বলল- আর এক কাপ না হয় আমার সাথে খেলে । কফির কাপটা টেনে নিই, কিছু বলি না ওকে আমি । সাহস হয় না । আমার মত মধ্যবিত্ত ছা-পোষা বাঙালির আর কতটুকুই বা সাহস?

সুজয়া কথাটা বলল আবার,- আমি বললাম আর তুমি জায়গাটা ছেড়ে দিলে যে বড়?
ঠোঁটের কোণে একটু হাসি এসে গেল বোধহয় আমার । বললাম বিনাযুদ্ধে জয়ী হয়ে খুব যন্ত্রণায় আছ নাকি?
-এটাই কি চাইছিলে তুমি?
তাকিয়ে রইলাম একটুক্ষন ওর দিকে । তারপর বললাম- না । তবে কি জানো? আমার বাবা আমায় কেড়ে নিতে শিখায়নি । কেড়ে নেবার বিদ্যা যতটুকু আছে তা সমাজ শিখিয়েছে । কিন্তু ছাড়ার বিদ্যাটা বাবা আমায় পুরোপুরি শিখাতে ভুলেনি । কফি শেষ হয়ে গেছে অনেকক্ষন । উঠে যাবার সময় সুজয়া শুধু এটুকু বলল,- কাল থেকে উত্তরের জানালায় তুমিই বসবে । আমার জবাবের সময়টুকুও দেয়নি । তারপর ও বলল- ক্লাসে কিংবা করিডরে যখন দেখি তোমায় তখন'ত বেশ হাবাগোবা, কেবলা গোবেচার মনে হয় । অথচ, এখন দেখছি স্মার্টনেস সময়কেও ছাড়িয়ে যায় ।
কথার পিঠে কথা বলতে হয় যনে তাই বলা- সুজয়া স্মার্টনেসটা পোশাক-আশাক, চাল-চলন, কথাবার্তা, ভদ্রতা, সৌজন্যতা সবকিছু মিলিয়ে হয়ত । কিন্তু সুজয়া, আমার মধ্যবিত্ত, ছা-পোষা বাঙালি ঘরটায় সবকিছুই ছোট হয়ে আসে । তাই স্মার্টনেসটা আমার কাছে শুধু,-সত্যকে সর্বদা সহজভাবে, সর্বাবস্থায় স্বীকার করা ও প্রকাশ করার মধ্যেই সীমাবদ্ধ ।
তারপর অনেক কিছু ঘটে গেছে । আমি আর কোনদিন উত্তরের জানালার পাশের বেঞ্চে বসিনি । সুজয়া জানতে চেয়েছিল কেন বসিনা । বললাম ওটা তোমার জন্য রেখে দিয়েছি । তারপর থেকে উত্তরের জানালা ফাকা পরে থাকে । সুজয়াও বসে না, আমিও বসি না । হয়ত উত্তরের হিমেল হাওয়া জানালার পাশে এসে একটু থমকে যায় । আমাদের জন্য অপেক্ষা করে, আবার ফিরেও যায় । আমি আর সুজয়া প্রায়ই ক্যাফেটেরিয়া, করিডোর, লাইব্রেরীতে ঘুরে বেড়াই কুড়ি-পঞ্চাশ মিনিটের জন্য ।
একদিন সুজয়া বিকেল বেলা ছাদের উত্তর পাশের কর্নিশে আমাকে বসিয়েছিল ওর পাশে । হিমেল হাওয়া বইছিল চারপাশে । হয়ত তাই ছাদে মানুষজনও বেশ কম । হঠাৎ কি যে হল, আমি সুজয়ার ডান হাতটা আমার মুঠোতে চেপে ধরি । নিচের দিকে তাকিয়ে থাকি । সুজয়া বোধহয় আমার দিকে একটুক্ষণ তাকিয়েছিল । আমি ওর হাত ছাড়িনি । মনে হচ্ছিল এই হাত ছাড়লে আমি ছাদ থেকে পড়ে যাব । সুজয়া বোধহয় আমার আর একটু কাছে এসে বসল। আমি নিচের দিকেই তাকিয়ে থাকি। চোখ তুলবারর সাহস আমার মত ছা-পোষা বাঙালীর আর হয়ে উঠে না। আমি স্পস্ট টের পাচ্ছি সুজয়ার মুখটা আমার মুখরে খুব কাছাকাছি চলে আসছে। আমি ওর নিঃশ্বাস টের পাচ্ছি আর আমার নিঃশ্বাস থেমে যাচ্ছে।
তারপর আমার আর কিছু মনে নেই। শুধু এইটুকু মনে আছে তৃতীয় বশ্বিযুদ্ধ জয়রে আনন্দ এর চেয়ে অনেক কম হতে পারে। আকাশ আর মাটির দূরত্ব আমার কাছে একেবারেই নগণ্য মনে হচ্ছিল। মনে হচ্ছিল আমি মাটিতে দাঁড়ালেই আমার মাথা আকাশ ছুঁয়ে ফেলবে। আমি তাই চুপ করে সুজয়ার হাতটা মুঠোতে নিয়ে বসেছিলাম। যদি অত বড় আকাশটায় সুজয়া হারিয়ে যায় আমি আর খুঁজে পাব না ওকে। সেদিন বাড়ি ফিরবার সময় শুধু এইটুকু বুঝেছি আমার আর সুজয়ার একে অপরকে আর কছিু বলবার দরকার নেই।
মঙ্গলবারের সকাল। আমি রোজকারের মত উত্তরের জানালার পাশে সোফাটায় বসে আছি । ১৪ তলা দালানটার লাল, হলুদ ও ধূসর রঙে বালক রোদটা রোজকার মত খেলতে খেলতে তার যৌবনের দিকে এগিয়ে যাচ্ছে । কিন্তু আজ আমার আর বালক রোদটার যুবক হওয়া দেখা হল না । ডাক্তার কাল রাতে রিলিজ করে দিয়েছে । বাসায় ফিরেছি আজ দুপুরের আগেই । আমাদের সেই মধ্যবিত্ত ছা-পোষা তিন বেডের ফ্ল্যাটে । মা রান্নাঘরে ব্যস্ত হয়ে পড়েছে । দাদা নেই ঘরে । হয়ত তার দু'বছরের বেকার জীবনের সমাপ্তির চেষ্টায় আছে । এই ঘরটায় আমি আর দাদা থাকি । রাস্তার দক্ষিণ পাশে আমাদের বাড়ি । যা একটু ফাকা জায়গা তা-ও দক্ষিন পাশেই । দক্ষিনের দুটি ঘরে তাই একটু আলো-বাতাস থাকে । উত্তর দিকের ঘরটায় আমি আর দাদা । এই ঘরের উত্তরের জানালার সামনেই ঠিক একটা ৪ তলা দালান। তাই উত্তরের জানালায় আকাশটা ছোট দেখায় । আমি কখনো দাড়াইনা জানালার পাশে । দাদা মাঝরাতে সিগারেট টানে জানালায় দাড়িয়ে দাড়িয়ে, কখনো কখনো ।
আজ প্রায় এক সপ্তাহ হল হাসপাতাল থেকে ফিরেছি । দুই দিন ইউনিভার্সিটি যাই না । তৃতীয় দিনে সুজয়াকে দেখে মনে হল ও আমার কাছ থেকে পালিয়ে বেড়াচ্ছে । আমি তাই আমার মধ্যবিত্ত, ছা-পোষা বাঙালি মেরুদন্ড নিয়ে ওর সামনে দাড়ানোর সাহস পাই না । আমার অসুস্থ হওয়ার তিন-চার মাস আগে থেকে ওর বিয়ে নিয়ে কথা উঠেছিল আমাদের দুজনের মাঝে । সুজয়ার পরিবার বড় ব্যস্ত। ছোট বোনটারও বিয়ে দিতে হবে কি-না তাই । সুজয়া বলেছিল একবার ওর মাকে আমার কথা। কিন্তু সব'ত আর মানুষের হিসেবে হয়ে উঠেনা । সদ্য পাশ করা বেকার যুবকের হাতে মেয়ে তুলে দেওয়া গেলেও উপার্জনক্ষম চাকরিচ্যুত বেকার বাবার ছেলের কাছে মেয়ে দেওয়া যায় না । সুজয়াও একদিন বলেছিল আমায়, হয়ত বলেনি, প্রবল আবেগে মুখ ফসকে বেরিয়ে গেছে।
-কাকাবাবুর চাকরিটা কি না ছাড়লেই নয়? আমি ওর মুখের দিকে তাকাতেই, ও মাথাটা নিচু করে ফেলে। ও জানত বাবা কেন চাকরি ছাড়ছে । তারপর জিজ্ঞস করল- দাদার কোন ব্যবস্থা হল?
আমি বললাম- না, হয়ে যাবে ।
তারপর যেন ওকে আশ্বস্ত করতেই বলা,- বাবারও দু-তিনটা চাকরির কথাবার্তা হচ্ছে। এসিস্টেন্ট ম্যানেজারের নিচের পোস্টে চাকরি নিতে দাদা নিষেধ করেছে । দু চার মাসের মধ্যে একটা ব্যবস্থা হয়ে যাবে নশ্চিয় ।
এইসব সাত-পাঁচ ভাবছিলাম শুয়ে শুয়ে । ভাবছিলাম ,আমার নিরীহ, নিপাট ভালো মানুষ দাদাটা যেদিন গভীর রাতে গাজা খেয়ে ঘরে ফিরে সেই দিনটার কথা । না, সেই রাতে আমি দাদাকে এক ফোটাও ঘৃণা করিনি । লিখিত পরীক্ষায় প্রথম হয়েও চাকরি না পাওয়ার জ্বালাটা আমার দাদা সইতে পারেনি । দাদার চাকরি হয়নি কেননা- এম.ডি, ডিরেক্টর, কিংবা ম্যানেজারদের কেউ দাদার মামা, চাচা,খালু কিছু নয় । আমি গভীর রাতে দাদার জন্য জলের গ্লাস নিয়ে তার বিছানার পাশে বসে থাকি । ফ্যানের স্পিডটা একটু বাড়িয়ে দিই । দাদা বেঘোরে ঘুমুচ্ছে । আমি তাই জেগে থাকি শেষরাত অবধি, বাবা যেন কিছু টের নাপায় । পরদিন সকালে দাদা ঘর থেকে বেড়োতে বেড়োতে আমায় বলে- তুই ভয় পেয়েছিলি নাকিরে ছোট? ওরকম বোকার মত সারা রাত জেগেছিলি কেন?
শুয়ে শুয়ে পুরনো কথাই ভাবছিলাম । কিন্তু আর ভাবলে চলবে না । বহুদিন পর সুজয়া আজ বিকেল পাঁচটায় দেখা করতে চেয়েছে । উঠতে হয় এবেলা । আমি এতদিন ওর কোন খবর রাখিনি । কেননা, ও চায়নি আমি ওর খবর রাখি । আমি আর সুজয়া কখনো রেষ্টুরেন্টের পর্দায় ঘেরা কেবিনে বসিনি । কিন্তু আজ কি যেন হল ওর, সরাসরি কেবিনে ঢুকে গেল । তারপর আমার মুখের দিকে তাকিয়ে রইল কিছুক্ষন । ওর চোখ জোড়া দিঘির স্বচ্ছ জলের মত টলটল করছিল । আমি ওর চোখের দিকে আর তাকাতে পারছিনা । মনে হচ্ছিল, আর এক মুহূর্ত তাকিয়ে রইলে দীঘির উপচানো জলেই ঘর-বাড়ি সব ভেসে যাবে ।

আমি তাই মুখটা অন্যদিকে ফিরিয়ে নিই। আর তখনই সুজয়া বলল, - আমায় খুব ঘৃণা হচ্ছে না? বলেই জবাবের জন্য চুপ করে রইল । বললাম- তোমায় ঘৃণা করতে পারলে বোধহয় আমি বেঁচে যেতাম সুজয়া । তারপর বলল,- শুকিয়ে গেছ যে বড় । আমি কিছু বলিনা ওকে । জানতেও চাইনি ও কেন হাসপাতালে আমাকে দেখতে যায়নি । সুজয়াই বলল আমায়- জানতে চাইলেনা যে, হাসপাতালে কেন যাইনি।

বললাম- জানি, বলবার সময় হলে তুমি নিজ থেকেই বলবে আমায় ।

তারপর ও বলতে শুরু করল । আমি টের পাচ্ছিলাম ওর গলা কাপছলি । আমার ডান হাতটা ওর মুঠিতে রেখে ও বলে যায়। আমি নড়ে ওঠিনা, হাতটা ওর মুঠিতেই থেকে যায় । সুজয়া বলতে শুরু করে,- আমি অনেক করে মাকে বুঝালুম জানো, কিছুতেই কিছু হল না । মা হয়ত বাবাকে একবার বলেওছিল । কিন্তু বাবা মায়ের কথা কানে নেয়নি । বাবার এক কথা সে তার মেয়ের ভবিষ্যত অনিশ্চিতের পথে ঠেলে দিতে পারে না। আমি কি করব কিছুই বুঝতে পারছিলুম না । আমি'ত কখনোই তোমার মত গুছিয়ে সিদ্ধান্ত নিতে পারিনি, আমি পারি না । আমার কি করা উচিত বলতে পারো?

আমি তাকাই ওর দিকে । তাকিয়েই থাকি । তারপর ও বলে,- আজ রাতে আমার গায়ে হলুদ, কাল বিয়ে । আমি বাড়ি থেকে একেবারে চলে এসেছি । আমি কিছু বলি না । আমাকে নিশ্চুপ দেখে ও বলে যায়- না, আমি বাড়িতে কোন চিরকুট রেখে আসিনি । তুমি ফিরতে বললে আমি ফিরেই যাব । তোমার বোঝা বাড়াতে চাই না । কিন্তু আমায় যে তোমার বড্ড দরকার । আমার আর চুপ থাকা হয়ে উঠেনা । ওকে আমি বলি- সুজয়া, আমরা কেউ মুখ ফুটে কাউকে ভালোবাসি বলিনি । কিন্তু আমরা জানি, আমরা একে অপরকে কতটা ভালোবাসি । আমরা হিসেব নিকেশ করে ভালোবসিনি । আর হিসেব করলেও আমরা ভালোবাসতাম । যেন কিছু মনে পড়ে যায় এমন ভঙ্গিতে সুজয়া আমাকে থামিয়ে দিয়ে বলে- আমার নামে বাবার কিছু ফিক্সড ডিপোজিট আছে । আমার ব্যাগে কিছু গয়না আছে, সব মিলিয়ে লাখ দুই-তিনেক হয় । আমরা বিয়ে করে আলাদা কোথাও থাকতে পারিনা? আমার চোখ ফেটে জল বেরোতে চায় । আমি কি করব বুঝতে পারি না । কিন্তু আমার আদর্শবাদী বাবা আমাদের কান্না শেখাতে ভুলে গেছে । আমার দাদা তাই জীবিকার কাছে হেরে গেলেও কাঁদে না । গাজা খেয়ে জীবনকে ভুলতে চায় । আমি তাই আমার হাতটা ওর মুঠি থেকে বের করে ওর হাতটা দুই হাতে চেপে ধরি । তারপর বলি, তোমার বাবা নিশ্চয়ই স্বস্তিতে থাকবে না এতে। তোমার বাবার টাকায় কেনা ছুরি দিয়ে তোমার বাবাকেই আঘাত করব আমরা? এর নাম কি ভালোবাসা ।তোমার বাবাও তোমায় ভালোবাসে । আমিও তোমায় ভালোবাসি । তুমিও আমাদের দুজনকে ভালোবাস । ভালোবাসার জন্য খুব বেশি সংর্স্পশরে দরকার হয় না । আমি আর তুমি এখন যা চাচ্ছি তা আমাদের সম্পর্কের পরবর্তী ধাপ, এর নাম প্রেম, ভালোবাসা যার জন্য একটি অত্যাবশ্যকীয় উপাদান । এই প্রেম কিংবা বিয়ে সম্পর্ক যাই বলিনা কেন আমরা তৈরি করতে পারব কিনা, সময় জানে । আমরা দুজনই চেষ্টা করেছি আমাদের সম্পর্কটা পারিবারিকভাবে মনে নেয়ার, ওরা নেয়নি । তারপর চেষ্টা করেছি যেন মেনে নেয়, তাও হয় না । আমরা চাইলেই প্রতিশোধ নিতে পারি । তুমি প্রতিশোধ নিবে কিনা ওটা তোমার সিদ্ধান্ত । তবে এইটুকু জেনো, তোমার সিদ্ধান্তকে খাটো করে দেখবার সাহস আমার একেবারেই নেই ।

তারপর সুজয়া বেশ কিছুক্ষন বসে থাকে । একসময় ঘড়ি দেখে । তারপর উঠে দাড়ায় । চোখ তুলে তাকাতে সাহস হয় না আমার । নিচের দিকে তাকিয়ে থাকি আমি । একসময় রেষ্টুরেন্টের এই বদ্ধ কেবিনটায় সুজয়ার নরম পাতলা উষ্ঠ জোড়া আমার ঠোট ছুয়ে যায় এক মুহূর্তের জন্য । তারপর যেন ঠোটের ভাষা প্রকাশ করতেই বলা- আমি তোমায় জানিয়ে গেলাম বাকি জীবনটায় কতটা অসুখী হব । কাল আমার বিয়ে, তবু এইটুকু মনে রেখ তোমার সিদ্ধান্তকে মাথা পেতে না হোক মাথায় তুলে রাখতে জানি আমি । শেষ শব্দটা কানে পৌঁছাতে না পৌছাতেই সুজয়া অদৃশ্য হয়ে যায় । আর আমি সুজয়ার দেওয়া অর্ডারগুলো একটা একটা করে শেষ করি । তারপর একসময় উঠে পড়ি । পিছন থেকে বেয়ারাটা সুজয়ার দেওয়া নোটের চেঞ্জ নিতে ডাকছিল কিন্তু রাস্তার বৃষ্টি আমায় বড্ড টানছিল । আমি রাস্তায় নেমে পড়ি । আমি রাস্তায় হাটতে হাটতে ভাবি, শুধু তোমার পরিবারের কথা ভাবলেই'ত চলে না সুজয়া, আমি যদি তোমায় নিয়ে সবার অমতে একসাথে থাকি, তাহলে আমার আদর্শবাদী, ভালোমানুষ বাবাটার চাকরি ছাড়াটা অর্থহীন । বাবার এই সততার জন্য লড়াইটা ব্যর্থ হয়ে যাবে । কেননা, বাবার নিজেকে বড্ড অপরাধী মনে হবে । বাবা ভাববে, সে চাকরিটা না ছাড়লে হয়ত আমায় পালাতে হত না । আর আমার নিরীহ, নিপাট ভালো মানুষ দাদাটা, যে দিনের পর দিন চেষ্টা করছে বাবা যেন তার সততার সংগ্রামে জয়ী হয়, আমার যে তাকে ছেড়ে পালিয়ে যাওয়া মানায় না, সুজয়া । আমি তাই ছা-পোষা, মধ্যবিত্ত বাঙালি মেরুদন্ডের কাছে বড্ড হেরে গেছি ।

আমি যখন আদর্শবাদী বাবার মধ্যবিত্ত ফ্ল্যাটটায় ঢুকি তখন রাত প্রায় এগারোটা । মা টেবিলে খাবার ঢেকে শুয়ে পড়েছে । আমার ঘরে ঢুকেই দরজাটা বন্ধ করে দিই আমি। দেখি, দাদা উত্তরের জানালায় দাড়িয়ে সিগারেট টানছে। দাদা একবার পিছন ফিরে দেখে আমায় । তারপর কি জানি, কি মনে করে বলল আমায়- এদিকে আয় ।

আমি আলো নিভিয়ে দাদার পাশে উত্তরের জানালাটায় দাড়াই । আলোর জন্য দাদা কিছু বলে না । দাদা আমার সব জানে, সব কিছু । তাই আমি আজকের সবও দাদাকে বলে দিই । সুজয়ার কথা, সুজয়াদের কথা, আমার কথা, আমাদের মনের কথা, সিদ্ধান্ত সব । তারপর বলি, দাদা ভুল কিছু করিনি'ত? দাদা আমায় বলে, আমার উপরে তোর অনেক অভিমান, না? আমার চাকরিটা হলে তবুও...... দাদা থেমে যায় । আমি অন্ধকারেই দাদার মুখের দিকে তাকিয়ে বলি, কি যে বলিস দাদা? তোর এই ৩৬ ইঞ্চি বুকের কাছে দাড়ালে আমার এই পৃথিবীটা একদম ছোট্ট মনে হয়, পৃথিবীর আর কোন আর্তনাদের ভয় ভুলে যাই।

দাদা আমায় একটু কাছে টেনে নেয় । আমি আর দাদা উত্তরের জানালা দিয়ে ছোট্ট আকাশের চাঁদটা দেখি । একসময় দাদা বলে, আজ বোধহয় পূর্নিমা রাত, যা গায়ের জামাটা বদলে ভাত খেয়ে নে। দাদা সেই কখন টের পেয়েছে আমি ভিজে গায়ে আছি । তবুও কিছু বলেনি কেন জানিনা । আমি যখন উত্তরের জানালা থেকে সরে দাড়াই তখন দাদা বলে ছোট, তুই সিগারেট খাস? একটু ইতস্তত করে বললাম, খাই দু'একটা । তারপর দাদা বলে, আজ তোর ঘুম হবে নারে ছোট । চল, ছাদে গিয়ে সিগারেটের আলোয় জ্যোৎস্না দেখি। আমার বড় জানতে ইচ্ছে করছিল দাদা কি করে এত নিশ্চিত হয় যে আমার ঘুম হবে না । তবুও দাদাকে কিছু বলিনা । শুধু সিগারেটের সূক্ষ লাল আলোয়, আমি আর দাদা চাঁদের রুপালী আলো কিংবা শাদা জ্যোৎস্না দেখে যাই ।

# কবি

১.
"তুই নাকি কবি হতে চাস ?"
"চাই-ই তো । শুধু কবি কেন? ঔপন্যাসিক-ও হব।যাতে নিজের জীবনালেখ্য উপন্যাসের মলাটে বাধাই করতে পারি।"- পেছনে ঘুরে সে উত্তর দিল।
"ওরে, কি সুদূর... সুদূর..."
"সুদূরপ্রসারী"- আরেকজন সম্পূর্ণ করল
"হ্যাঁ সুদূরপ্রসারী চিন্তা।"- সবাই সমস্বরে হেসে উঠল
"এত চিন্তা নিয়ে তুই ঘুমাস কীভাবে?"
"দে দেখি ; তুই কেমন লিখিস?"
"কেমন আর লিখবে ? কয়েকজনকে তো শুনিয়েছে।তারা নাকি দু'টা করে ঘুমের বড়ি খেয়ে তিনদিন ঘুমিয়ে তারপর সুস্থ হলো ।"-আবার হাসির রোল উঠল।
"দে তোর কবিতা।"
"কোনটা চাও? বাংলা না ইংরেজি?"
"হায় ! এ দেখি ইংরেজিতেও লেখে! "
"মধুকবি ফেল মারল আর তুই কিনা.."
"দে ।সবগুলোই দে..."
কবিতার খাতা এগিয়ে দিয়ে সে অপেক্ষা করছিল আরেকদফা হাসি শোনার ।কিন্তু....
২.
না। আর কেউ হাসেনি সেদিন।বরং তারপর থেকেই সেই ছেলেটির সাথে আমাদের কয়েকজনের বন্ধুত্বের শুরু।তার অসাধারণ কবিতা দেখে আমরা যতটা না মুগ্ধ হয়েছি তারচেয়েও বেশি অবাক হয়েছি তার চেহারার বৈসাদৃশ্য দেখে। মায়াকাড়া মুখের সরল নিষ্পাপ চাহনি ।কিন্তু স্পাইক করা চুল নিশ্চয়ই কবিদের বেশিষ্ট্য নয়! কিন্তু আসল ঘটনা হলো তার কবিতা কখনো কোথাও ছাপা হয়নি।এ যেন কফিহাউসের অমলের আধুনিক রূপ! তবে এ নিয়ে ওকে কখনো হতাশাবিলাস করতে দেখিনি।শুধু ক্ষীণকণ্ঠে বলত- "হয়তো লেখা ভাল হয়নি বা সম্পাদকের চোখ এড়িয়ে গেছে...."
অথচ ওর লেখা সম্পর্কে প্রশ্ন করলে এই ক্ষীণকণ্ঠই প্রাণোচ্ছল হয়ে উঠত- "কবিতা আমার নিদাঘ হৃদয়ের একফোটা অমৃত ।আর গল্পগুলি আমার হৃদয়ের কল্পচিত্র।" ওর এই রাশভারি কথাগুলি শুনে নিন্দুকেরা হেসে বলত- "ও এখানে কেন? বাংলা একাডেমীতে যোগ দিলেই তো পারে। অন্তত পিয়ন হিসেবে হলেও তো কিছু "অর্থ উপার্জন" হয় !"
ও এই কথাগুলোর কখনো প্রতিবাদ করেনি। শুধু আমরা দেখতাম সুনীল আকাশের দিকে ওর অনুভূতিহীন দৃষ্টি। ওর এই দৃষ্টি আমাদেরকে পীড়া দিত ।আমরা ভাবতাম....
৩.
সবাই কী ভাবতো আমি জানি না। কিন্তু আমি প্রতিদিনই ভাবতাম ওকে বলবো – "অন্যদের খুশি করতে তোমার কবিতা লিখতে হবে না ।তুমি শুধু লিখবে 'আমারই' জন্য ।তোমার কবিতার বুননে লেখা হবে আমার জীবনচিত্র। প্রতিদিন ভোরে তোমার কবিতার আলো এসে আমার ঘুম ভাঙাবে ।অলস দুপুরে তোমার কবিতার শব্দগুলো আমাকে করে দেবে আনমনা ।আর গোধূলিবেলায় তোমার কবিতার-পংক্তিতে –বাঁধা-ভেলায় চড়ে আমি হারিয়ে যাব দূর-দিগন্তে।"
কিন্তু বলা হলো না ।তার আগেই সে শোনালো আমার জীবনের সবচেয়ে নির্মম কবিতাটি –তার দেশান্তরী হওয়ার ইচ্ছার কথা । তারপর...
৪.
"....তিনটি বছর মাত্র তিনটি বছর
কত উর্ণাজাল বুনে কেটেছে....।"
তিন বছর পর হঠাৎ তার দেখা পেলাম কোনো এক গ্রীষ্মের দুপুরে।
রেঁস্তোরায় মুখোমুখি আসনাধীন এক বিদেশীনিকে কবিতা শোনাচ্ছে-
"....ভালবাসা তো দেখুন না ভালো আমরা
কত কিছুই না বেসে থাকি...."
তিন বছর আগে যে কবিতা ওর মুখ থেকে আমি শুনতে চেয়েছিলাম !!!

সংগৃহীত

খাদিজা বিলকিস

# মানব মনে প্রত্যাশার শীর্ষ

এমন একটি সময়ের কথা ভাবা যাক যখন একজন সাধারণ মানুষের সে নিজে ছাড়া আর কেউ নেই, কিছু নেই। সর্বপ্রথম যে অভাববোধ দ্বারা সে তাড়িত হবে তা হল ক্ষুধা। ক্ষুধা নিবৃত হলে সে বস্ত্রের অভাববোধ করবে। অতঃপর বাসস্থান... ইত্যাদি। ক্ষুধা নিবারণের জন্য তার অর্থের প্রয়োজন হবে। অর্থাৎ একবিংশ শতাব্দীতে একজন মানুষ যা চায় তা হল ক্ষুধা নিবারণের সমপরিমাণ টাকা। তারপর সে বস্ত্র ও বাসস্থান সংস্থানের জন্য আরও কিছু টাকা চায়। তারপর সে নানা চাহিদা মিটাতে আরও টাকা চায়। ধরা যাক তার সমস্ত চাহিদা ক্রমান্বয়ে পূর্ণ হবে। তাহলে সে চাইবে তার দেশের প্রথম ধনী হতে। তারপর চাইবে পৃথিবীর শ্রেষ্ঠ ধনী হতে । ধরা যাক তার এই চাহিদাও পূর্ণ হল। অর্থাৎ সে পৃথিবীর সবচেয়ে ধনী। এখন সে চাইবে ক্ষমতা। পৃথিবীর সমস্ত মানুষকে সে শাসন করতে চাইবে, যেন সবাই তার কথামত চলে। সমস্ত মানুষ যেন তার অধীনস্থ থাকে, তার সামনে মাথা নিচু করে থাকে। ধরা যাক এই অসীম ক্ষমতা এবং তথাকথিত শ্রদ্ধাও সে অর্জন করল।

(উল্লেখিত ক্রম যাই হোক, মানুষের সমস্ত চাহিদা পূরণ হলে মানুষ এই শ্রেণীতে পৌঁছুতে চাইবে।)

তারপর কি সে থেমে যাবে? তার কি আর কোন আভাববোধের তারণা থাকবেনা?

কিছু সমাজবিজ্ঞানী ও দার্শনিকের মতে, এই সময়ের মধ্যে আত্মহত্যার ইচ্ছা জন্ম নিতে পারে। তারা এও বলে থাকেন যে তথাকথিত সব প্রাপ্তিতে মানুষ আত্মহত্যার পথ বেছে নিতে পারে।

ভিন্নমতঃ কোন একটা অভাবের পূর্ণতা আরেকটা নতুন অভাববোধের স্থান তৈরী করে যায়। আর তাই আমার মনে হয়, এই মানুষটির মনে তখন ভালোবাসার চাহিদা দেখা দিবে। সে চাইবে এক এক করে পৃথিবীর সমস্ত মানুষ তাকে ভালোবাসুক (An endless desire)। চাহিদা ও তা পূরণের প্রচেষ্টাই আমাদের উৎসাহ জোগায় জীবনকে সামনে এগিয়ে নিতে। আমৃত্যু এই চাহিদা পূরণের জন্য সে পথ চলবে। প্রশ্ন আসতে পারে, তাহলে তথাকথিত অভাববোধ না থাকা মানুষেরা কেন আত্মহত্যা করে?

কারণ তারা মানুষের ভালোবাসা পাবার রাস্তাটা খুজে পায়না। আর খুঁজে না পাওয়া রাস্তার অভাববোধই তাকে আত্মহত্যার দিকে ধাবিত করে। তাহলে কি মানুষের ভালোবাসা পাওয়াটা অত্যন্ত কঠিন? এটা একটা আপেক্ষিক বিষয়। কিন্তু ধ্রুব সত্যি হল- মানুষকে ভালোবাসলেই তার ভালোবাসা পাওয়া যায়। মানুষকে ভালোবাসা খুব কঠিন কি? রোজ'ত আট দশজনকে ভালোবাসছি, আর দুজনকে ভালোবাসাতে পারব না? তারপর আরও দুজন...

সুজন কান্তি দাস

# সত্যি ভুতের গল্প

সত্যি ভুতের গল্প
বন বিভাগের রেস্ট হাউজে যখন পৌঁছলাম তখন প্রায় সন্ধ্যা। কিছুক্ষণ পরই মাগরিবের আজান হবে।চারদিকে সুনসান নিরবতা। শরতের আকাশ এখনো সাদা হয়ে আছে।সুর্যের আলো ভাসমান মেঘ গুলোকে এখনো পরশ দিয়ে যাচ্ছে। ময়মনসিংহ-টাংগাইল সড়কের পাশে বেশ জায়গা নিয়ে বানানো হয়েছে রেস্ট হাউজটি। দুতলা রেস্ট হাউসের উপর তলায় তিনটি রুম। নিচতলায় কিচেন আর দারোয়ানের থাকার জায়গা। আমরা পাচজন।সবচেয়ে সিনিয়র গৌতম স্যার একরুমে, শাহিদা আপা একরুমে। বাকি থাকল তিনজন। আবিদ স্যার আমাকে আর আদনান স্যারকে একসাথে থাকতে বললেন। উপজেলা পর্যায়ে হোটেলের ব্যবস্থা নেই।হয় টাঙ্গাইল গিয়ে থাকতে হবে না হয় আরেক অপশন হলো ডাকবাংলো। অগত্যা আবিদ স্যার ডাকবাংলোর খোঁজ নিতে যাবেন বলে সিদ্ধান্ত নিলেন। আমার আবার বেড শেয়ারিংএ এলার্জি আছে। যখন ভার্সিটির হলে ছিলাম তখন দ্বিতীয় এক সিটে দুজনকে বরাদ্ধ দেয়া হয়েছিল। তখন আমি ফ্লোরে থাকতাম। পরে অবশ্য দুজন অল্টারনেট করে একদিন পরপর বিছানায় ঘুমাতাম। কখনো এক বেডে দুজন ঘুমাইনি। সুতরাং আবির স্যারকে আমার জন্যও ডাক বাংলোতে একটা রুম দেখার জন্য বললাম ।
তিনি বললেন ,
-কেন? তুমি এখানে থাক দুজন একসাথে।
আমি বললাম,
-আমি ডাবলিং করতে পারি না। দুঃখিত স্যার।
তিনি একটু রসিকতা করে বললেন,
-আমার তো বউয়ের সাথেও ডাব্লিং করতে ভাল লাগেনা। তা নাহলে আমিই আদনানের সাথে থাকতাম। তোমাকে ডাকবাংলোতে পাঠাতাম। আচ্ছা, দেখি কি করা যায়।
স্যারের কথা শুনে আমরা সবাই হেঁসে উঠলাম।বেচারা বউয়ের সাথে ডাবলিং করে না শুনে মনে একটু কষ্টও লাগল। যাক সে কথা । এটা তাদের ব্যাপার। আমি যে গল্প বলছি সেখানে আসি।
স্যার উপজেলা নির্বাহি অফিসারকে ফোন করে ডাকবাংলোর খবর নিলেন। সেখানে থাকার মত একটা রুম আছে। স্যার নিজে গিয়ে দেখে এসে আমাকে বললেন সেখানে থাকতে। । স্যার এই গেস্ট হাউসেই থাকবেন। আমি কিছুটা খুশি হলাম। যার বউয়ের সাথে এক বিছানায় থাকতে ভাল লাগে না তিনি আদনানের সাথে থাকবেন ভেবে অবাকও হলাম।
চলে এলাম ডাকবাংলোতে।ফোনে একদম চার্জ নেই। ব্যাগে চার্জার খোঁজতে গিয়ে দেখি নেই। ফেলে এসেছি ঢাকায়। একটু চার্জ দিতে পারলে ভাল হতো। একটা দোকানে গিয়ে ফোন চার্জে দিলাম। কিন্তু সেই চার্জার থেকে চার্জ হতে অনেক সময় নিচ্ছে। কিছুক্ষণ বসে থেকে চলে এলাম। রুমে এসে শুয়ে পড়লাম। শরীরটা বেশ ক্লান্ত ছিল। ঘুমিয়েও পড়লাম শোয়ার পড়েই। এখন স্যারের উপর আমার রাগ হচ্ছে।
আমি রুমের এক কোণে নতজানু হয়ে বসে আছি। সোজা হতে পারছিনা। উপরের দিকে তাকাতে পারছিনা। শুধু ভয়ংকর শব্দটা কানে আসছে। একটা আয়রন বার হেঁচড়ানোর শব্দ। লোকটার চেহারা দেখতে ইচ্ছে হলো। তাকালাম তার দিকে। চেহারা পরিবর্তন হয়ে গেছে তার। প্রথম যখন দেখেছিলাম তখন দেখতে মানুষের মত ছিল। কিন্তু অল্পক্ষণের মাঝেই চেহারাটা মহিষের মত হয়ে গেছে।মাথায় বড় দুটি শিং। গলা থেকে পা পর্যন্ত মানুষের মতই রয়ে গেল। এমন কিম্ভূতকিমাকার প্রাণী থাকতে পারে তা কল্পনাও করা যায় না।ভয়ে আমি স্থির হয়ে আছি। আমার কিছু একটা করা উচিত। পালানোর চেষ্টা করা উচিত। কিন্তু শক্তি পাচ্ছি না। নড়তে পারছি না একটুও। শরীর ঘেমে ভিজে গেছে। পিপাসায় গলা শুকিয়ে আসছে। ছোটবেলায় মা বিপদ-আপদ থেকে মুক্তির অনেক দোয়া -দুরুদ শিখিয়েছিল। কিছুই মনে করতে পারছি না। মাথাটা একবারে ফাঁকা মনে হলো। শেষ চেষ্টা হিসেবে হাতে ভর করে উঠে
দাড়াতে চাইলাম। কিন্তু নিজেকে বিছানায় শোয়া অবস্থায় পেলাম। আশ্চর্য! আমি এতক্ষণ স্বপ্ন দেখছিলাম।বাথরুমের টেপ থেকে পানি পড়ার টিপ টপ শব্দ আসছে। আয়রন বার হেচড়ানোর শব্দটা তো এখনো রুমের ভিতর রয়ে গেছে। ধীরে ধীরে শব্দটা কমে আসছে। মনে হচ্ছে কেউ যেন আয়রন বারটিকে টেনে নিয়ে চলে যাচ্ছে। আমি দ্বিধায় পড়ে গেলাম। আমি কি সত্যিই স্বপ্ন দেখছিলাম । স্বপ্ন হলে বাস্তবে এর রেশ কিভাবে রয়ে গেল! আমি এর কোন ব্যাখ্যা খোঁজে পেলাম না। বুঝতে চেষ্টা করলাম আমি সত্যিই জেগে আছি না ঘুমিয়ে আছি। সর্বশেষ যে শব্দটা শুনলাম তাও স্বপ্নের অংশ হলে ভাল হয়।কিন্তু না, আমি ঘুমাছি না। জেগে আছি। একটা মশার কামড় টের পেলাম পায়ের দিকে। উঠে বসে পা চুলকালাম। এখন আর হেঁচড়ানোর শব্দটা নেই। স্মার্টফোনটা হাতে নিলাম। একবিন্দু চার্জ নেই তাতে। আবির স্যারকে ফোন দিতে পারলে ভাল হতো। তা সম্ভব হচ্ছে না। আমি বিছানা থেকে উঠে লাইটের সুইচ অন করলাম। ফ্লোরোসেন্ট লাইটের সাদা আলোয় ভরে গেল রুমটা। ফ্যান ঘুরছে সজোরে। ভয়ার্ত চোখে তাকিয়ে দেখছি রুমের ভেতরটা। এককোণে মাকড়শার জাল চোখে পড়ল। একটা মাকড়শা বসে আছে। এমন বড় এবং অদ্ভুত মাকড়শা আগে দেখেছি কিনা মনে করতে পারছি না। একটা টিকটিকি টিকটিক করতে করতে বাথরুমের দিকে চলে গেল। দেয়ালে ঝুলন্ত একটা ঘড়ি। সময়টা দেখে নিলাম। রাত একটা বেজে গেছে। রাত এখনো বেশ বাকি। এত রাতে বন বিভাগের রেস্ট হাউসে যাওয়াও সম্ভব না। বাকি রাত এখানেই থাকতে হবে ভাবতেই বুকের ভিতর মোচড় দিয়ে উঠছে। অনেকের কাছে ভূত দেখার অভিজ্ঞতা শুনেছি। নিজে কোনদিন ভূত দেখিনি। দেখব বলে আশাও করিনি। এখানেও ভূত দেখতে পাইনি। যা দেখেছি তা ছিল স্বপ্নের ভিতর । কিন্তু স্বপ্ন ভাংগার পর স্বপ্নের ভিতরের আয়রন বার হেঁচড়ানোর শব্দ শুনতে পাওয়াটা ভৌতিক নয় কি?
স্বচ্ছ কাঁচের জানালা দিয়ে একটা ফটোকপির দোকানের লাইট জ্বালানো দেখতে পেলাম। দোকানদার দোকান বন্ধ করে দিচ্ছে। দেখতে দেখতে বন্ধ করেও ফেলল। এটাই সম্ভবত বাংলোর আশেপাশের সর্বশেষ দোকান যা এতক্ষণ খোলা ছিল। এটা বন্ধ হওয়ার সাথে সাথে বাংলোর চারপাশটা স্তব্ধ হয়ে গেল। স্ট্রিট লাইটগুলো সম্ভবত নষ্ট হয়ে গিয়েছে। শরতের চাঁদের আলোয় বাইরের পরিবেশটা দেখা যাচ্ছে। বাজারের মাঝখানে বাংলো। আশেপাশে কোন লোকালয় নেই। দোকানিরা চলে গেছে নিজ নিজ বাড়িতে । বাজারে নিশ্চই পাহাড়াদার আছে। আমি দরজা খোলে বারান্দায় এলাম। ফুরফুরে বাতাস এসে লাগল শরীরে। বেশ আরাম পেলাম । বারান্দায় হাঁটছি। একতলা বাংলোয় একটা মাত্র রুম যেখানে থাকার মত একটা বেড আছে। পাশেই বেশ বড় একটা হলরুম।

ছাদে একটা ছোট রুম আছে। সেখানে এসিল্যান্ড থাকার কথা। কিন্তু আশা অবধি এই বাংলোয় অন্য কাউকে দেখিনি। চাবিটা নিয়েছিলাম বাংলোর পাশের একটা দোকান থেকে। সেই দোকানি চলে গেছে অনেক আগেই। এসিল্যান্ড হয়ত আজ অন্য কোথাও ।

জেলা পরিষদের ডাকবাংলো।অথচ কোন সীমানা দেয়াল নেই। বারান্দা থেকে নেমে কয়েক পা পড়েই পিচ ঢালা সরু রাস্তা। আমি রাস্তায় এসে দাড়ালাম। দুই দিকে দেখলাম। কোথাও কাউকে দেখলাম না। বাজারের পাহাড়াদার হয়ত কোন এক বেঞ্চিতে শুয়ে ঘুমাচ্ছে। আমি রুমে ফিরে এলাম। বাথরুমে গেলাম। বাথরুমের পাশেই একটা ছোট রুমের মত জায়গা। একটা চেয়ার পাতা আছে । ছোট একটা জানালা আছে। জানালাটা খোলা। ধুমপান করার একটা সুন্দর জায়গা। আমি ধুমপান করি না। আজ করতে পারলে ভাল হতো। তাহলে অন্ততঃ হাতে আগুন থাকত। শুনেছি ভূত আগুন দেখলে ভয় পায়। নিজের ভাবনায় নিজেরই হাসি পেল। আমার মনে শুধু ভূতের কথা আসছে মানতেই পারছি না। সব ঘটনার একটা ব্যাখ্যা আছে। আজ ঘটেছে তার দুটি অংশ। একটা অংশ হচ্ছে স্বপ্ন যা ঘটেনি। আরেক অংশ হলো ঘুম ভাংগার পরও আয়রন বার হেঁচড়ানোর শব্দ শুনতে পাওয়া। এটাও অবচেতন মনের কল্পনা হতে পারে যা প্রকৃতপক্ষে ঘটেনি। কিন্তু আমি এতটাই স্পষ্ট শুনতে পেয়েছি যে এটাকে অবচেতন মনের কল্পনাও ভাবতে পারছি না । এতটা ভয় পাওয়া উচিত নয়। কিন্তু আমি ভয় পাচ্ছি। কেন যে ডাব্লিং করতে পারিনা বলেছিলাম! নিজের উপর খুব রাগ হলো। রাগ কিছুটা আবির স্যারের উপরও হলো। তার তো বুঝা উচিত ছিল যে এখানে একা থাকলে ভয় লাগবে। হয়ত তিনি বুঝতে পেরেই নিজে না থেকে আমাকে এখানে থাকতে দিয়েছেন। এমনটা করা তার উচিত হয়নি। মনে মনে তাকে বকা দিতেও ছাড়লাম না।

আমি ভাবছি কি করা যায়। আবার বিছানায় শুয়ে পড়া ছাড়া করার মত কিছু পেলাম না। লাইট জ্বালানো রেখেই বিছানায় শুয়ে পড়লাম। জীবনে যত ভূতের গল্প শুনেছি সব মাথার ভিতর এসে ঘুরছে। কিছুতেই চোখ বন্ধ করতে পারছি না। চোখ বন্ধ করলেই হরর মুভির মত বিভিন্ন দৃশ্য চোখে ভাসছে। আমার চিন্তাকে নিয়ন্ত্রণ করা দরকার। আমি একশ থেকে উল্টা দিকে গুনতে শুরু করলাম। এটা মস্তিষ্ককে একমুখী ভাবে ভাবতে বাধ্য করে। আমরা সাধারণত উল্টো ভাবে গুণে অভ্যস্ত নই। তাই নির্ভুল গণনার জন্য মনযোগ দিতে হয় প্রচুর। এই পদ্ধতিতে কিছুটা কাজ হলো। আমার ছোট বেলার কিছু সুন্দর স্মৃতি আছে। সেগুলো মনে করার চেষ্টা করলাম। আল্লাহর নাম নিলাম। কালিমা পড়ে ঈমান নবায়ন করলাম। মূলত অনেক কিছুই করলাম এবং কখনো ঘুমিয়ে পড়লাম বলতে মনে নেই

ঘুমটা যদি একেবারে সকালে ভাঙত তাহলে ভূত রহস্য আমার মনে সাড়া জীবন থেকেই যেত। সেদিনের সত্যিকারের ভূত দেখার ভাগ্য আমার হতোনা। আমার ঘুম আবার ভাঙল। এবার কোন স্বপ্ন দেখলাম না। আয়রন বার হেঁচড়ানোর শব্দে ঘুম ভাঙল। শব্দটা রুমের ভিতরেই। কিন্তু ঠিক কোন জায়গা থেকে আসছিল বুঝতে পারছি না। ঘুম ভাঙ্গার পরপরই শব্দটা বন্ধ হয়ে গেল। লাইট জ্বলছে । আমি বিছানায় শুয়ে আছি। হাত পা একদম নড়ছে না। দৃষ্টি ফ্যানের দিকে। ফ্যানের গতি বাড়াটা আমার চোখে পড়ল। মাথায় একটা বিদ্যুৎ চমকের মত হল। লাফ দিয়ে বিছানা থেকে উঠে পড়লাম। সুইচবোর্ডে হাত রাখলাম। ফ্যানের সুইচটা অফ করলাম। যখন ফ্যানের গতি কমতে শুরু হলো তখন সেই শব্দ আবার শুনতে পেলাম। স্বস্তির নিঃশ্বাস ফেললাম। এই তাহলে ভূত!

শব্দটা হচ্ছিল এই ত্রুটিযুক্ত ফ্যান থেকে। যখন বিদ্যুতের লাইন ভোল্টেজ কমে যায় তখন ফ্যানের গতিও কমে যায়। গতি কমে গেলে ফ্যান থেকে ধাতব শব্দটা আসে। আবার যখন ভোল্টেজ বেড়ে যায় তখন ফ্যানের গতি বেড়ে যায় শব্দটাও চলে যায়। রুমটা একেবারে ফাঁকা হওয়ায় শব্দটাকে পুরো রুম জুড়ে মনে হয়। শব্দটা যে ফ্যান থেকে আসছে তা ঠিক বুঝা যায় না। মোটেই আর ভয় লাগছে না। রহস্যটা ধরতে পেরেছি বলে বেশ আনন্দ লাগছে। বাকি রাতটা বেশ আরামে ঘুমালাম। লাইট জ্বালিয়ে রাখার প্রয়োজন হয়নি।

# Library থেকে রিক্সার দুরত্ব

খন্দকার শাহীন

কোর্স নাম্বার 405। বেশির ভাগই পরিচিত মুখ। কিছু পরিচিত মুখের মধ্যে একটি মুখে দুজোড়া চোখ থমকে যায়। একজোড়া চোখ সাব্বিরের অপর জোড়া রাজুর।
রাজুঃ দোস্ত মেয়েটা ত অনেক সুন্দর।
রাজুঃ সুন্দর বলে বলেইত 4th ইয়ারে চলে আসলি। যে সুন্দর তাকে কিছু বল।
রাজু কিছু বলে না।
২ সপ্তাহ পর সাব্বির দেখে রাজু প্রথম দিন দেখা সেই মেয়েটির সাথে University এর সামনে দিয়ে রিক্সায় যায়। সাব্বির ফোন দেয় রাজুকে।
সাব্বিরঃ দোস্ত তুই কই?
রাজুঃ তুই বাসায় যা। আমি আসছি। রিদিকে বাসায় পৌঁছে raদিয়েই চলে আসব। মাত্র এক ঘন্টা লগবে।
বাসায় ফিরল রাজু।
সাব্বিরঃ দোস্ত ক্যামনে? কি?
রাজুঃ তুই ত বললি মুখ খুলতে। কিন্তু আমি জানতাম প্রথম দিনে মুখ খুললে আমার chance একেবারেই শেষ। তাই সুদূরপ্রসারী plan শুরু।
405 কোর্সে সবার আগে দরকার একটা ভাল মানের Note. এটা রিদির দরকার পড়বে।
গেলাম কাউসার ভাইয়ের কাছে। নোট নিলাম। আর দুদিনে 1st Mid এর সব পড়া বুঝেও নিলাম।
C.T. এর আগের দিন। Syllabus এর শেষ topic টা রিদি বুঝেছে কিনা জানতে চাইলাম, যেন আমার একটু হেল্প দরকার।
রিদিঃ আমি কিছুই বুঝিনি।
রাজুঃ তোমার যদি অসুবিধা না থাকে আমরা একটু Library তে বসি। প্রথম দিকের topic গুলোতে আমি হেল্প করতে পারব। তারপর দুজন মিলে বাকিটা discuss করলাম।
কি যেন ভাবল রিদি। হয়ত যাবে কিনা তাই। অবশেষে Library জেতে রাজি হয়ে গেল (Marks বলে কথা)।
আর Library থেকে রিক্সার দুরত্ব খুব বেশি নয় সে'ত জানা কথাই।
সাব্বিরঃ দোস্ত তুই কত সুদূরপ্রসারী চিন্তাসম্পন্ন!!! Hats off to you.
উপসংহার (Moral):
আমরা এত বেশি সুদূরপ্রসারী হয়ে গেছি যে আমরা অনেক দূর প্রর্যন্ত আমাদের ভবিষ্যত দেখতে পাই। আমরা ভাবি আমাদেরকে আগামী সময়টা বেচে থাকার জন্য টাকার দরকার, তারপর আমাদের ছেলেমেয়ে হবে তাদের জন্যও টাকা দরকার হবে। তাই টাকা জমাতে থাকি। তারপর আমার ছেলেমেয়েরও ত সন্তান হবে তাদেরও টাকা দরকার হবে। এইভাবে সুদূরপ্রসারী চিন্তা করতে থাকি আর টাকা জমাতে। অথচ আমার বাড়ির পিছনের বস্তিতে রোজ রাতে একটা বাচ্চা খেতে পায়না বলে কাঁদতে কাঁদতে থেমে যায় অথাবা ঘুমিয়ে পড়ে। সে কেন রোজ রাত্তিরে কাদে আর থেমে যায় তা আমরা জানি না, বুঝিও না। কারন আমাদের চিন্তাশক্তি অনেক সুদূরপ্রসারী, যা এই শিশুর থেকে শত শত আলোকবর্ষ দূরে আছে এবং আরও সামনে যেতে চাইছে। নাকি আমাদের সুদূরপ্রসারী চিন্তাশক্তি ঘুমিয়েই পড়েছে?

## আজাদের মায়েরা

রাজীব সরকার

আমার পূর্বসূরী কোন এক কবি বলেছে
'নারীর সৌন্দর্যের চেয়ে পুরুষের পৌরুষ অনেক উর্ধ্বে'
জগতের সমস্তকিছুকে উপস্থিত ভেবে
আজ আমি বলে যাচ্ছি
পুরুষের পৌরুষের পাশে, নারীর নারীত্ব অতুলনীয়
না, আমি দশ মাশ গর্ভের কথা বলছি না,
গর্ভ এমন এক উন্মাদনা যাকে-
একবিংশ শতাব্দী বিভ্রম বলতে পারে,
পৃথিবীর যাবতীয় বঞ্চিত, উপস্থিত কিংবা বর্ধিত ইতিহাস
খুঁজে দেখ
যতটা সোহরাব-রুস্তম পাওয়া যাবে
তার চেয়ে ঢেঢ় বেশি শহীদ আজাদের মা পাবে
যা, এখনও তোমাদের সভ্যতা গুণতে শিখেনি।
আমার পূর্বসূরী বিদ্রোহী কবি বলেছে
'ক-ফোটা চোখের জলে এক ফোটা রক্ত হয়
তোমাদের বিজ্ঞান বলতে পারে?'
আমি আজ সজ্ঞেনে বলছি
সে প্রশ্নের জবাব খুঁজো না,
এর চেয়ে বেগবান, উদ্দেপ্ত ও প্রাণবন্ত এক প্রশ্নের জবাব
দাও-
কত ব্যাড়েল রক্ত ঝড়লে
জেলখানার চৌদ্দ সিকে মুখোমুখি
শহীদ আজাদের মায়ের চোখে ফুটে উঠত সহযোদ্ধাদের নাম
আর আজাদ আবৃতি করত সেই সব নাম
যারা তাকে ভাইয়ের মত ভালোবেসেছে
বন্ধুর মত বিশ্বাস করেছে
সর্বোপরি বিশ্বাসঘাতকতাকে অবহেলা করে শহীদ হতে
শিখিয়েছে।
সভ্যতা সমৃদ্ধির সাথে সাথে আজকের পৃথিবী
পেশী শক্তি থেকে স্নায়ুযুদ্ধের দিকে ধাবিত হচ্ছে
অথচ সভ্যতা জন্মের কত পূর্ব থেকে
আমাদের নারীরা স্নায়ুযুদ্ধে প্রবাহমান
তার হিসাব কে রাখে?
আজ আমি নির্দ্বিধায় বলে যাচ্ছি
পুরুষের বুদ্ধির গতি যতই বাড়ুক
নারী তার চেয়ে ঢেঢ় বেশি আধুনিক।
তোমাদের চিকিৎসা বিজ্ঞানকে খুঁজে দেখতে বলো
রক্ত-মাংসের নারী দেহের অলিতে গলিতে
নীরবে নিভৃতে চাপা পড়া কোন এক সরু তার
স্নায়ুতন্ত্রের সাথে অদ্ভুত যোগসাজেশ করে চলেছে।
জগতের সমস্ত পুরুষের অবজ্ঞা, ঘৃণা ও বজ্রপাতে মাথাপেতে
বলছি
ঈশ্বর স্বয়ং পুরুষকে অসম্পূর্ণ সৃষ্টি করেছে।

## বাংলাদেশে জন্মেছি বলে

তামজীদ- উস- সাকিব

যদি এয়ার কোলার এর ঠাণ্ডা বাতাসই তোমার দরকার ছিল
তবে তুমি উত্তর মেরুতে জন্মাতে পারতে
যদি গ্রীষ্মের কাঠখোট্টা রোদ্দুরই শুধু দরকার
তবে সাহারা মরুভূমির এমন কোন অপরাধ ছিল না,
সব সুন্দর , গোছানো পরিপাটিই যদি তোমার প্রাপ্য হত
তবে তুমি অস্ট্রেলিয়ায় জন্মাতে পারতে,
প্রকৃতি প্রেমেই যদি স্নাত হবে
তবে সুইজারল্যান্ড কিংবা কেরালা এমন কিছু খারাপ ছিলনা
।
তোমার মধ্যে আছে অগাধ শিল্প প্রতিভা
শিল্পের প্রতি তোমার অনুরাগও মারাত্মক
শুধু শিল্পই যদি তোমার সাধনা হবে,
তবে প্যারিসের চেয়ে উত্তম আর কি ছিল ??
আর যদি ভারতীয় উপমহাদেশের সংস্কৃতিই তোমার প্রেম
হয়
তবে কলকাতা নেহাত খারাপ নয় ।
আর এই একবিংশ শতাব্দির কলকাতায়
হাওয়াই শার্ট ও পায়ে চপ্পল গলিয়ে
নচিকেতার সাথেও  টক্কর দিতে পারতে।
তা-নয় , তুমি মরতে জন্মালে এই বঙ্গদেশে
আরে!!
মৃত্যুই যদি তোমার প্রাপ্য হবে,
তবে ইরাক যুদ্ধের ময়দান এমন কি অপরাধ করল??
আর শুধু বেঁচে থাকাই যদি তোমার চাহিদা হয়
মেরুদন্ড যদি তোমার এতই দৃঢ় হবে,
তবে তুমি হিমালয়ের দেশ নেপালেও জন্মাতে পারতে ।
ভাতের বদলে আলুই যদি তোমার প্রিয় খাদ্য হয়
তবে আয়ারল্যান্ডের প্রতি তোমার এত কিসের ভয়??
বাঙ্গালির মসলায় সেদ্ধ খাবারের কথা বলোনা আর
মসলার দাম শ্রীলঙ্কায় ঢেড় কম
রুটিই যদি তোমার প্রধান খাদ্য হবে
তবে পাকিস্থান ছেড়ে
মরতে কেন এই ভাতের দেশে জন্মালে ??
জন্মেই যখন গেছ বলছিলাম কি
চল তোমার জন্মের নামে ,
শিশুর মত সরল বিশ্বাসে
এক পেয়ালা গরল তলিয়ে দিই আমাদের নরম পেটে
তারপর কাজে নেমে পড়ি এই সরু গলিটার
রাজপথ উদ্ধারে।।

# শেষোক্ত আঠারোতে

এ আর খান (তপু)

রাজধানীর বিলবোর্ডে টানানো অশ্লীল পোস্টারে
চোখ এড়িয়ে যায় যে যুবক
তাকে দেখি ভাবি-
আমিও ছিলাম তোমার মত অসভ্য নাগরিক
হয়ত রেগে উঠবে তুমি অসভ্য বলায়
যেমন কটকটে শুকনো সিগেরেট জ্বলে উঠে আগুনের স্পর্শে
হে যুবক-
কটু দৃষ্টিতে দেখো না আমায়
আমি যে পেরিয়ে এসেছি
আঠারতম বয়স তোমার,
একবিংশ শতাব্দীর সভ্য সমাজের আখ্যানে
আমি আর তুমি, আমরা অসভ্য নাগরিক হয়ে যাই
পাই না, পাই না, করেও যা পাই
তার সবকিছুই একদিন ব্যর্থ মনে হয়
ব্যর্থ হয় জীবনের সকল সময়
অর্থহীন হয়ে যায় সমস্ত সম্পর্ক
মানুষের পাশে আর মানুষ থাকে নাকো
থাকে শুধু অন্ধকার উদ্ভুত হায়েনার দল।
হে অষ্টাদশী-
তোমারও কি সাধ হয়না পেতে নারীর স্পর্শ
হয়,
রাত্তিরের নিঃসঙ্গ শয্যায়
তুমিও কি রচনা করতে চাওনা অঙ্কশায়িনী?
চাও,
সুগঠিত নারীদেহের অবয়বে
তোমারও কি হয়না গোপন অঙ্গে ক্ষরণ?
হয়,
দেখে দেখে এইসব প্রাসাদ সমতুল অট্টালিকা
তোমারও কি সাধ হয়না অবহেলা করবার মানুষের
বিভীষিকা
হয়,
কিন্তু পার না হে যুবক-
আমি যেমন না পেরে হয়েছি অসভ্য নাগরিক তুমিও হবে
অসভ্য কিংবা উন্মাদ একদিন।
হে যুবক-
তুমি আর এমন কি পাবে সভ্য সমাজের ভিড়ে
আমার মত অবহেলা ছাড়া ভালোবাসা কিংবা প্রেম?
বাতুলতা মাত্র
আমিও কি বাসিনি ভালো কোন এক নারীকে
আজও বাসি,
তবু দেখা হয়ে গেলে মাঝপথে
আমার প্রেমিকার সন্তান মামা বলে ডেকে উঠে
মনে মনে বলি-
ও নামে ডেকো না আমায় খুকি
বড় কষ্ট হয় বুকে
তুমিও বুঝবে একদিন
আঠারো বছর বয়স হলে।

হে যুবক-
তোমার মত আঠারো বছর বয়সে
কোন এক অন্ধ ভিখিরির প্রতি দয়াশীল হয়ে
সমস্ত সঞ্চয়ের বিনিময়ে ফিরিয়ে এনেছিনু তার চোখ
আত্মীয়-পরিজন ও সভ্য সমাজ তাই
আমাকে বলে আজ উন্মাদ ও বেওকুফ।
অথচ এমনও সময় অতিক্রান্ত হল
বিদ্রোহী কবি যেখানে লিখেছিল –
" আমি বিজ্ঞানী হতে আসিনি
আমি কবি হতে আসিনি
আমি এসেছি মানুষকে ভালবাসতে "
তাই বলছি হে যুবক-
সহজ-সরল দৃপ্ত পদচারণায় হেটে যাও এই বয়স
যদি আঠারোতে না হয় মানুষ হওয়া
হবে না আর কোন বয়সেই।।

# স্বপ্নের বাজার

??????

জেগে থাকলে মনে হয়
বেঁচে আছি
নিদ্রায় কিছুই টের পাই না
জীবন ও মৃত্যুর সন্ধিক্ষণ
একলা হতেও ভয় করে না তখন ।
পথ চলতি মানুষের ভিড়ে হাটতে হাঁটতে ইচ্ছে করে – ফুট ওভার ব্রীজে উঠে
সকলের মাথাটা কিনে নিই
পরক্ষণেই ইচ্ছেটা দমে যায় , দেখি-
রাস্তার পাশে একটি শীর্ণ নারী
তার কাঙাল শিশুটিকে নিয়ে শুয়ে আছে
পকেট হাতড়ে খুঁজে পাই এক গোছা টাকা
খুচরো পয়সা নেই একটাও
নোট দিতে বড় মায়া বোধ হল
থাক – এ পৃথিবীতে কেউ কারো নয় ।
সোনারগাঁ সিগন্যালে আজ উৎসবমুখর দিন
ফ্যাল ফ্যাল করে তাকিয়ে আছে সবাই
যারা খেতে পায়নি , এখানেও খেতা পাবে না তারা
কিন্তু আমার তাতে কি আসে যায় ?
আমায় কে আটকাবে ?
দাড়োয়ান এসে বলে – 'স্যার চেকিং'
চুপ রাও বেয়াদপ !
আমি স্বপ্ন স্বপ্নের কোন কৈফিয়ত নেই।
চারমিনার ফুকতে ফুঁকতে বীয়ারের গ্লাস হাতে নিই
আর্দালি এসে বলে –
'স্যার! বারাক ওবামার ফোন'
বলে দাও ব্যস্ত
'তিন মিনিট ৪০ সেকেন্ড পর ফ্রি'।
আর্দালি চলে যাচ্ছিল, থামিয়ে দিলাম –
'চল যাচ্ছি' ।

Yes, Mr. President – dream speaking. Dear sir, I just want to buy some dream.

পরের ফ্লাইটে নিউইয়র্ক হোয়াইট হাউসে মুখোমুখি আমি আর ওবামা :

Rascal , how dare! You want to buy me? First know, how to sleep
Then come – I will give you dream in free.

মহারাজ ! প্রেসিডেন্ট যদি ঘুমোতে শিখে যায়
সত্যি সত্যি স্বপ্ন দিয়ে দিবেন ?
সেনাপতি, আমকে বোকা পেয়েছ তুমি ?
কোটি কোটি মানুষকে যে শোষণ করে
ঘুমও কি তার হতে পারে ?

এ-কি! মাধবী তুমি এখানে ?
- উপরের তলায় আমার স্বামী পার্টি দিচ্ছে
- ও, আসি তাহলে - একবার আসবে না উপরে ?
- এত বিলাসিতা কি আমাকে মানায় ?
- কি করছ আজাকাল ?
- যা কথা ছিল প্রিয়তমা –
মানুষকে ভালবাসি , স্বপ্ন দেখাই।
-আমিও 'ত মানুষ ছিলাম , কেন ভালোবাস নি ?
- ভালবাসিনি ! সবচেয়ে বেশি 'ত তোমাকেই বেসেছি।
- তবে কাছে থাকতে দাও নি কেন ?
- তুমি যে অন্ধকার বড় ভয় পাও
আমার কাছে ত আলো নেই –
সব আলো অশরীরীরা নিয়ে নেয়।
-একটা কথা ছিল বলবার, সময় হবে ?
- সময় ছাড়া ত আর কিছু নেই আমার ।
- আমি আর অন্ধকার ভয় পাই না
পথে নামতে চাই, দেবে ?
-ওরা বড় ভীরু মাধবী, ওরা শুধু স্বপ্ন চায়
স্বপ্নের বাস্তববিম্বও নয়
ওদেরকে আমার হাতেই ছেড়ে দাও।

এ কি, স্বপ্ন দেখছিলাম আমি ?
হ্যাঁ বন্ধু, স্বপ্নই দেখছিলাম
গত ৭০ বছরে যা দেবার ছিল মানুষকে
সব দেওয়া হয়ে গেছে।
এখন নিজের জন্য কিছু চাই স্বপ্ন ছাড়া বাঁচা যায় না
তাই চিরনিদ্রায় নিরবিচ্ছিন্ন স্বপ্ন চাই।
আর কিছুক্ষণ পর –
পাখায় টানানো রশিতে আমার গলা ঝুলবে
পায়ের নিচে থাকবে – মাটির বদলে হাওয়া
তুই জানিয়ে দিস্ মানুষকে –
স্বপ্নের বাজার বড় চড়া।।

# সৌন্দর্য

প্রসঙ্গের উপস্থিতিটা আজ তুলা থাক।

সৌন্দর্য অর্থ সর্বস্ব এ সমাজে দিনদিন অস্থায়ী হয়ে উঠছে। অস্থায়ী বলছি কেননা, আজ যা আমার কাছে সুন্দর বোধ হচ্ছে কাল তা সৌন্দর্যবিহীন। অথবা আমার কাছে যা সুন্দর অন্যের কাছে তা নয়। অথবা একই জিনিস ভিন্নস্থানে ভিন্নবোধের উৎপত্তি ঘটায়। অর্থাৎ সৌন্দর্য স্থান, কাল, পাত্রভেদে উপস্থিত কিংবা অনুপস্থিত।

সৌন্দর্য হল তাই যা মস্তিস্কে বিরূপ উত্তেজনার সৃষ্টি করে না বরং মনের মধ্যে একধরনের প্রশান্তির উৎপত্তি ঘটায়। এটা একধরনের সুখ যা স্বল্পস্থায়ীত্বের কিংবা দীর্ঘস্থায়ীত্বের হতে পারে। সুখটা যতক্ষন পাব ততক্ষন তাকে আমার সুন্দর মনে হবে।

সৌন্দর্যের উৎপত্তিস্থল দুটিঃ প্রথমটি হল বস্তুগত (Concrete), দ্বিতীয়টি হল ভাবগত (Abstract)। প্রথমক্ষেত্রে সৌন্দর্য প্রধানত আমাদের চক্ষুদর্শন নির্ভর। কারণ মানবদেহের ইন্দ্রিয়গুলোর মধ্যে চোখ সবচেয়ে দ্রুত কর্মক্ষম। পাহাড় ও অরণ্য, আরও সহজ উদাহরণ সুন্দরী তরুণী কিংবা সুদর্শন তরুণ। তাদের রং, সুগঠিত নাক, কালোচুল, শারিরীক কাঠামো ইত্যাদি একধরনের সৌন্দর্যের অবয়ব। কিন্তু এরা চক্ষুদর্শন নির্ভর। এরা প্রতিনিয়ত পরিবর্তিত হতে বাধ্য। কারণ, এর সবকিছুই আলোর প্রতিফলন, প্রতিসরণ ইত্যাদির নিয়ম মেনে চলে। আর্থাৎ সৌন্দর্যের আধার কোন পরিবেশে কোথায় রয়েছে, আলোর সাথে তার কৌনিক অবস্থান ইত্যাদির উপর নির্ভর করে স্নায়ুতন্ত্রে ভুল বোধোদয় ঘটাতে পারে। অর্থাৎ আপাত দৃষ্টিতে যা সুন্দর মনে হচ্ছে তা হয়ত আদৌ সুন্দর নয়। বিপরীতটাও হতে পারে।

ভাবগত (Abstract) উৎপত্তিস্থল, যা মানসিকতা ও মনের গভীরতার উপর নির্ভর করে। অনেক সময় একে দৃশ্যের অন্তরালে থাকা অদৃশ্য সৌন্দর্যের অনুধাবনও বলা যায়। উদাহরণস্বরূপ, মানুষের ব্যবহার, তার মানসিকতা, মননশীলতা, তার দর্শন এরা হল Abstract সৌন্দর্য্যের আধার। কোন কোন মানুষের ব্যবহার আমাদের মধ্যে এক ধরনের সুখের জন্ম দেয়। সেই ব্যবহারটাই এক ধরনের সৌন্দর্য। ভাবগত সৌন্দর্য হল একটা গভীর উপলব্ধি থেকে অনুভূত সুখ।

প্রাসঙ্গিকতায় একটি গল্প বলি- রাত তখন ১২/১ টা। আমি মগবাজার মোড়ে দণ্ডায় মান। ফিরতে হবে পলাশী, পকেটে টাকা মাত্র বিশটি। কোন রিক্সাচালক যেতে রাজি নয়। এমন সময় ৫০ উর্ধ্ব এক রিক্সাচালকের সাথে কথা হল। সে দাবি করল ৫০ টাকা। আমি স্বভাবসুলভ ভঙ্গিতে বললাম, চাচা পকেটে আছে মাত্র ২০ টাকা, ৫০ কোথা থেকে দিব? বলেই আমি হাঁটতে উদ্যত হই। তিনি আমার দিকে তাকালেন একবার, তারপর বললেন উঠুন। আমি বললাম, চাচা আমি হেটেই যাব; ২০ টাকায় পলাশী যাওয়া যায় না তা আমি জানি। উঠ বাবা, তোমার অনেক কষ্ট হবে, অনেকখানি রাস্তা। একজন রিক্সাচালক যখন আপনি থেকে তুমি করে বলে, তখন আর কোণ দ্বিতীয় জবাব খুঁজে পাওয়া যায়না, অন্তত আমি পাইনি। যাত্রাপথে কথায় কথায় চাচা বললেন, তার এক ছেলে খুলনা বিশ্ববিদ্যালয়ে পড়ে। আমার মত বিপদে তার ছেলেও পড়তে পারত। তার এই মানবিক উপলব্ধির চিন্তাবোধ আমার মধ্যে একটা সুখের জন্মদেয়, চিন্তার সুসজ্জিত এই বিন্যাসটাই একটা সৌন্দর্য। উল্লেখ্য, আমি চাইলে তাকে পলাশী এসে ২০ টাকার বদলে, ৪০/৫০ টাকাই দিতে পারতাম। দিইনি। কেননা এতে তাকে অর্থসর্বস্ব জীবনের উপাদান ছাড়া আর কিছুই ভাবা হত না। আমার কাছে মনে হয়েছে তাকে বাড়তি (আপাত দৃষ্টিতে) টাকা দেয়ার অর্থ তার আবেগঘন মানসিকতাকে অবমূল্যায়ন ও অপমান করা। তাকে পয়সার হিসেবে বিচার করা।

প্রসঙ্গে ফিরে যাই, মানুষের জীবদেহ স্নায়ুতন্ত্র নির্ভর বলে আমরা বস্তুগত সৌন্দর্যকে অস্বীকার করতে পারব না। অর্থাৎ, বস্তুগত সৌন্দর্য দ্বারাই সর্বপ্রথম তাড়িত হব। এই তাড়ণা থেকে আমরা সৌন্দর্যের দিকে এগিয়ে যাব, সন্নিকটে আসব। এরপর বাধ্যতামূলকভাবে আসবে ভাবগত সৌন্দর্য (দু একটি বিশেষ ক্ষেত্রে এর আগমন আগেও ঘটতে পারে)। তবে কখনো কখনো এই ভাবগত সৌন্দর্যের উদয় নাও হতে পারে (নির্ভর করবে মানসিকতার উপর)। এই ভাবগত সৌন্দর্য যখন উদয় হবে তখন স্থায়িত্বের বুনিয়াদ শক্ত হবে, কেননা এর অনুভব পুরোটাই মানসিকতা নির্ভর, যার পরিবর্তন স্থান, কাল, অবস্থান দ্বারা খুব দ্রুত প্রভাবিত হয় না। অর্থাৎ, বস্তুগত সৌন্দর্যটা মানুষের মধ্যে খুব বেশি সময় ধরে ক্রিয়াশীল থাকতে পারে না, অন্যকথায় হয়ত বিষয়টাকে চটকদার বলা যায়। কিংবা আমরা শুধু একটা ভালো লাগাও বলতে পারি। ভাবগত সৌন্দর্য যখন উপস্থিত হয়, তখন বিষয়টা ভালোবাসার হয়, স্থায়ী হয় (ভালোলাগার আতিশায্যটাই ভালোবাসা, এই বিষয়ে "জীবনের কিছু প্রয়োজনীয় কথা" প্রবন্ধে আলোচনা করব)। উদাহরণ দিয়ে বিষয়টা একটু পরিস্কার করি। গহীন অরণ্য, সবুজের সমারোহ অনেকেরই ভালো লাগে, খুব সুন্দর মনে হয়। কিন্তু কিছুদিন থাকার পর, একই তীব্রতার গহীন সবুজ অরণ্য আর ভালো নাও লাগতে পারে। কিন্তু দৃষ্টিনির্ভর সবুজের সমারোহের বাইরেও যদি অরণ্যের গভীরতাকে অনুভব করা যায়, তার নৈঃশব্দকে অনুভব করা যায়, অন্ধকার অরণ্যের একাকীত্বের রোমাঞ্চকে অনুভব করা যায়, যদি অনুভব করা যায় অরণ্য পরিবেশ চক্রের আমিও একটা উপাদান, যে অনুভূতিগুলোর সবগুলোই মানসিকতা নির্ভর, গভীর উপলব্ধির ফলাফল, তাহলে গহীন অরণ্য শুধু আমার ভালোলাগা নয়, বরং ভালোবাসা। অর্থাৎ অরণ্যের সৌন্দর্যটা আমার মধ্যে স্থায়ীভাবে অবস্থান করছে। সুদীর্ঘ সময় ধরে জীবনে অরণ্যের উপস্থিতি আমাকে সুখ দিয়ে যাবে। আর তাই এই অরণ্য দীর্ঘকাল আমার কাছে সৌন্দর্য হয়ে থাকবে।

জানি আপনারা মানুষ নিয়ে ব্যস্ত, মানুষের ভিত্তিতেই উদাহরণ দিই এবার। আমার যদি কোন মানুষকে দৃষ্টিনির্ভর সুন্দর মনে হয় তাহলে তার কাছে হয়ত যাব। অথবা দৈনন্দিন স্বাভাবিক চলাফেরা ও পরিস্থিতির কারণে অন্য কোন একটা মানুষের সাথে আমাকে কিছুটা সময় অতিবাহিত করতে হয়।

যখন বস্তুগত সৌন্দর্যের কারণে আমি তার নিকটবর্তী হই তখন দুটি বিষয় হতে পারে, এক, তার এই সৌন্দর্যকেই শুধু বুনিয়াদ রেখে অর্থাৎ ভাবগত সৌন্দর্য অনুভব না করে, তার সাথে থেকে যেতে পারি। এটা একধরনের ভালো লাগা, কোন গভীর অনুভূতি নেই। অনেকটা রোজ ভাত খাওয়ার মত অভ্যাসের বিষয়। দুই হতে পারে, তার মানসিকতা, চিন্তার বিন্যাস ইত্যাদির প্রতি গভীর অনুভূতি যার ফলাফল ভালোবাসা, সৌন্দর্যের স্থায়িত্ব। বিষয়টাকে প্রেমের সাথ গুলিয়ে ফেলবেন না (ভালোবসা ও প্রেম এই বিষয়ে "জীবনের কিছু প্রয়োজনীয় কথা" প্রবন্ধে আলোচনা করব)। দ্বিতীয়ক্ষেত্রে, স্বাভাবিকভাবে আমার পরিবেশে যার বাস, তার প্রতি চলাফেরায় একটা দৃষ্টিনির্ভর সৌন্দর্যের আগমন ঘটতে পারে, এখানেই সীমাবদ্ধ থাকতে পারে অথবা বস্তুগত সৌন্দর্যের পর ভাবগত সৌন্দর্যের আগমন হতে পারে, অথবা বস্তুগত সৌন্দর্যের প্রয়োজন ছাড়াই ভাবগত সৌন্দর্যের প্রভাব পাওয়া যেতে পারে। যেদিক দিয়েই বিষয়টা বিবেচনা করি না কেন, কোন মানুষকে আমার স্থায়ী সৌন্দর্য্য মনে হবে তখনই যখন তার প্রতি আমার একটা মানসিকতা নির্ভর গভীর অনুভূতি কাজ করবে। তখন তার সৌন্দর্যটা আমার দর্শন ইন্দ্রিয়ের উপর নির্ভর করবে না, কেননা পুরো বিষয়টা মানসিক, অর্থাৎ, মানুষটি আমার আশেপাশে বা পরিবেশের মধ্যে না থাকলেও সে আমার কাছে সৌন্দর্যই থেকে যাবে। এবং আমার স্মৃতিতে তার উপস্থিতি একটা সুখের উৎস হবে। বিষয়টা হল সে আমার বস্তুজগতে না থাকলেও ভাবগত জগতে খুব দৃঢ়ভাবে সৌন্দর্য হিসেবে থাকবে।

এ প্রসঙ্গে বলে রাখছি, ১৮০০০ মাখলুকাতের মধ্যে একমাত্র মানুষেরই মস্তিষ্ক আছে যার একটা সুবিন্যস্ত মানসিকতা আছে। কোন মানুষের প্রতি আমার অনুভূতি যখন ভাবগত সৌন্দর্য পর্যন্ত পৌছে যায় তখন তার বস্তুগত সৌন্দর্য আর প্রয়োজন হয় না। অন্য কথায় বলা যায়, ভাবগত সৌন্দর্য্যের উপস্থিতির পর বস্তুগত সৌন্দর্য্য কোন কারণ ছাড়াই দীর্ঘকাল উপস্থিত থেকে যায়। আর এইভাবেই মানুষের সাথে মানুষের সম্পর্ক দীর্ঘকাল সুখময় হয়ে উঠে।

আমার এক বন্ধুর একটা কথা মনে পড়ছে, খুব ভালো লেগেছিল কথাটা। কথাটা স্বামী-স্ত্রী সমপর্কে। বলেছিল- শরীর দুটো মানুষকে কতক্ষণ একসাথে রাখবে? বড়জোড় ১০/৩০/৬০ মিনিট। ২৪ ঘন্টার মধ্যে বাকি ২৩ ঘন্টা কি নিয়ে দুজন মানুষ একসাথে থাকবে? প্রশ্নটা খুব প্রাসঙ্গিক মনে হচ্ছে এখন। হ্যা ওই দুটো মানুষ একসাথে থাকবে যদি তাদের মধ্যে একে অপরের প্রতি ভাবগত সৌন্দর্যের উপস্থিতি থাকে। এই স্থিতিশীল সৌন্দর্য ছাড়া তারা একসাথে থাকতে পারবে না। জীবনকে হয়ত টেনে নিয়ে যেতে পারবে মৃত্যু পর্যন্ত। কিন্তু এটা ঠিক বেচে থাকা নয়, শুধু জীবিত থাকা।

দুটো মানুষ যেভাবে যেই পরিস্থিতিতেই কাছাকাছি আসুক না কেন, একটা পর্যায়ে বস্তুগত সৌন্দর্য অস্থায়ী বলে তাকে আর সুন্দর মনে হয় না, কিংবা সুন্দর হলেও তা আর অনুভূত হয় না। বস্তুগত সৌন্দর্যটাই এমন। তাই শুধু এই বস্তুগত সৌন্দর্য নির্ভর সম্পর্কগুলো পরবর্তীতে সম্পর্ক অবনতির একটা সুযোগ রেখে যায়। কিন্তু বস্তুগত সৌন্দর্য্য থেকে কিংবা না থেকে, যদি ভাবগত সৌন্দর্য উপস্থিত থাকে সম্পর্কের মাঝে তাহলে সারা জীবন দুটো মানুষ একসাথে সুখে থাকার সম্ভাবনা বেশি।

আমাদের যখন কোন জিনিসকে কিংবা কোন মানুষকে সুন্দর মনে হয় তখন আসলে সেই গভীর উপলব্ধি উদ্ভূত ভাবগত সৌন্দর্যের গভীরতা কতটুকু তা বুঝা দরকার। অন্যকথায় বস্তুগত সৌন্দর্য আমাদের সহজাত বৈশিষ্ট্য ও অস্থায়ী বলে, বস্তুগত সৌন্দর্যের চেয়ে ভাবগত সৌন্দর্যের প্রতি অধিক যত্নশীল ও অধিক মনযোগী হওয়াই জীবনের জন্য উত্তম।